# School Certificate Examination 2017
# Bengali (New)
# Paper - II

**Time : 3 Hours** **Full Marks : 80**

**Questions are of value as indicated in the margin**

**১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :** ২×১২=২৪

(ক) ''এখানে এমন সকল শিক্ষক সমবেত হবেন যাঁদের দৃষ্টি বইয়ের সীমানা পেরিয়ে ; যাঁরা চক্ষুষ্মান, যাঁরা সন্ধানী, যাঁরা বিশ্ব কুতূহলী, যাঁদের আনন্দ প্রত্যক্ষ জ্ঞানে'' – কোন্ রচনার অংশ? রচনাকাল কত? এখানে বলতে কোন স্থানের কথা বলা হয়েছে? লেখক শিক্ষকদের অনুরূপ বৈশিষ্ট্য বাঞ্ছনীয় কেন মনে করেন, বলে তুমি মনে করো? উক্ত বৈশিষ্ট্যগুলি ছাড়া শিক্ষকদের আর কোন্ কোন্ বৈশিষ্ট্য তোমাদের পাঠ্যাংশে আলোচনা করা হয়েছে লেখো। ১+১+১+৪+৫=১২

(খ) ''নবকুমার সেই ভীষণ সমুদ্র তীরে বনবাসে বিসর্জিত হইলেন'' – উদ্ধৃতিটি কার রচিত কোন্ মূলগ্রন্থের অন্তর্গত? নবকুমার কে? নবকুমার বনবাসে বিসর্জিত হলেন কেন? উক্ত চরিত্রটিকে তোমার কেমন লাগে বিশ্লেষণ করো। ১+১+১+৪+৫=১২

(গ) ''তার কসুর তুমি যেন কখনো মাপ করো না'' – কে, কার উদ্দেশে, কোন্ প্রসঙ্গে এরূপ উক্তি করেছে? 'কসুর' শব্দটির অর্থ কী? কার কসুরের কথা এখানে বলা হয়েছে? গল্পটি অবলম্বনে বক্তার এরূপ উক্তির কারণ নির্দেশ করো। (১+১+৩)+১+১+৫=১২

(ঘ) ''অদৃষ্ট বলে – আমি শ্রেষ্ঠ, আমি বলবান, পুরুষকার বলে, ভুল, আমিই শ্রেষ্ঠ, আমিই বলবান্'' – কোন্ রচনার অংশ? কার লেখা? উক্তিটি কে কার উদ্দেশে করেছে? 'অদৃষ্ট' ও 'পুরুষকার' বলতে কী বোঝো? 'অদৃষ্ট' ও 'পুরুষকারে'র দ্বন্দ্বে কে জয়ী হয়েছে বলে তুমি মনে করো – পাঠ্যাংশ অবলম্বনে আলোচনা করো। ১+১+(১+১)+৩+৫=১২

**২। উৎস ও প্রসঙ্গ নির্দেশসহ ব্যাখ্যা করো – (যে কোনো একটি)** ১×৬=৬

(ক) সেই অক্ষয় পুরুষেরই শাসনে পক্ষ, মাস, ঋতু, সম্বৎসর ঘুরিয়া বেড়াইতেছে, তাঁহার শাসনকে কেহ অতিক্রম করিতে পারে না।

(খ) যদি শাস্ত্র বুঝিয়া থাকি, তবে তীর্থ দর্শনে যেরূপ পরকালের কর্ম হয়, বাটি বসিয়াও সেরূপ হইতে পারে।

(গ) অনায়াস প্রয়োজন জোগানোর দ্বারা ছেলেদের মনটাকে আদুরে করে তোলা তাদের নষ্ট করা।

(ঘ) যেমন চাষা তার তেমনি বলদ।

**৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:** ২×১২=২৪

(ক) 'মনের সঙ্গে এক রকমে
করে নে, ভাই, বোঝাপড়া।' —
কোন্ কবিতার অংশ? মূল কাব্যগ্রন্থের নাম কী? 'ভাই' বলতে কাকে বা কাদের বোঝানো হয়েছে? 'বোঝাপড়া' বলতে কী বোঝো? কবি কিসের সঙ্গে বোঝাপড়া করতে বলেছেন এবং কেন? ১+১+১+১+২+৬=১২

(খ) "এতকাল নদীকূলে
যাহা লয়ে ছিনু ভুলে
সকলই দিলাম তুলে
থরে বিথরে—"
—কোন্ কবিতার অংশ? কবিতাটির রচনাস্থান ও রচনাকাল উল্লেখ করো। কে নদীকূলে ছিল? সে কোথায় সব তুলে দিল? 'ছিনু' কথাটির গদ্যরূপ কী? উদ্ধৃতিটির অন্তর্নিহিত তাৎপর্যটি লেখো। ১+(১+১)+১+১+১+৬=১২

(গ) "কোনোদিন ব্যাঙের খাঁটি কথাটি কি পেরেছি লিখতে, আর সেই নেড়ী কুকুরের ট্র্যাজেডি" –

—মূল কাব্যগ্রন্থের নাম কী? কবিতাটির রচনাকাল লেখো। 'ব্যাঙের খাঁটি কথা' বা 'নেড়ী কুকুরের ট্র্যাজেডি' কে লিখতে পারেননি বলে আক্ষেপ করেছেন? 'ব্যাঙের খাঁটি কথা' ও 'নেড়ী কুকুরের ট্র্যাজেডি' লিপিবদ্ধ করো। বক্তার এরূপ উক্তির পিছনে কোন্ কারণ নিহিত আছে? ১+১+১+৬+৩=১২

(ঘ) 'রক্তমাখা অস্ত্রহাতে যত রক্ত আঁখি
শিশুপাঠ্য কাহিনীতে থাকে মুখ ঢাকি' —
কবিতাটি রবীন্দ্রজীবনের কোন্ পর্বে রচিত? কবিতাটির রচনাস্থান উল্লেখ করো। কাদের হাতে রক্তমাখা অস্ত্রের কথা কবি বলেছেন? তাদের কাহিনী শিশুপাঠ্যে মুখ ঢেকে থাকে কেন? কবিতাটিতে কবি কাদের জয়গান করেছেন এবং কেন? ১+১+১+২+১+৬=১২

৪। 'সবুজের অভিযান' কবিতার শেষ স্তবক **অথবা** 'বোঝাপড়া' কবিতার প্রথম এগারো চরণ মুখস্থ লেখো। ৬

৫। **যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:** ২×১০=২০

(ক) 'রাজরক্ত চাহে
দেবী, তাই তারে এনে দিব! যাহা চাহে
সব দিব। সব ঋণ শোধ করে দিয়ে যাব।' —বক্তা কে? কোন প্রসঙ্গে, কাকে উদ্দেশ ক'রে বক্তা উক্তিটি করেছেন? বক্তার এহেন মন্তব্যের কারণ ব্যাখ্যা করো। ১+৩+১+৫=১০

(খ) "অপরাধ?
অপরাধ করিয়াছি বটে। দেবীপূজা
করিতে পারিনি শেষ—" —উদ্ধৃতিটি 'বিসর্জন' নাটকের কোন্ অঙ্কের কততম দৃশ্যের অন্তর্গত? কে কার উদ্দেশে উক্ত উক্তিটি করেছে? প্রকৃত পক্ষে তার অপরাধটি কী ছিল? বক্তা যেটিকে অপরাধ বলে মনে করেছে তুমি কি সেটিকে অপরাধ বলে মনে করো – পক্ষে বা বিপক্ষে যুক্তি দাও। ১+(১+১)+২+৫=১০

(গ) 'গেছে পাপ! দেবী আজ এসেছে ফিরিয়া

আমার দেবীর মাঝে।' – উক্তিটি কার? বক্তা কোন্ কোন্ অর্থে 'দেবী' শব্দটি দুইবার ব্যবহার করেছেন? 'পাপ' বলতে বক্তা কী বুঝিয়েছেন? উক্তিটির তাৎপর্য আলোচনা করো। ১+২+২+৫=১০

(ঘ) 'পিতা এসো এ মন্দির ছেড়ে যাই মোরা' – উক্তিটি 'বিসর্জন' নাটকের কোন্ অঙ্কের অন্তর্গত? বক্তা কে? কোন্ ঘটনার পরিপ্রেক্ষিতে, কাকে উদ্দেশ ক'রে বক্তা উক্তিটি করেছেন? বক্তা মন্দির ছেড়ে চলে আসার আহ্বান জানিয়েছেন কেন? ১+১+২+১+৫=১০